

মার আকাশে দুই উড়োজাহাজের সংঘর্ষ, পাইলট নিহত

- A Monitor Desk Report

Date: 04 June, 2024



লিজন: পর্তুগালের দক্ষিণাঞ্চলে একটি এয়ার শো চলাকালীন মার আকাশে দুটি ছোট উড়োজাহাজের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। দেশটির বিমান বাহিনী জানিয়েছে এ দুর্ঘটনায় একজন পাইলট নিহত হয়েছেন।

রবিবার (২ জুন) সংবাদমাধ্যম এক প্রতিবেদনে এ খবর জানায়।

দেশটির বিমান বাহিনীর পক্ষ থেকে দেওয়া সংক্ষিপ্ত এক বিবৃতিতে বলা হয়েছে, অত্যন্ত দুঃখের সঙ্গে বিমান বাহিনী এই ঘোষণা দিচ্ছে যে, বিকেল ৪টা ৫ মিনিটে (স্থানীয় সময়) বেজা এয়ার শো-তে দুটি ছোট উড়োজাহাজ দুর্ঘটনার শিকার হয়েছে।

তবে এর মধ্যে একটি উড়োজাহাজের পাইলট নিহত হয়েছেন বলে জানিয়েছে পর্তুগিজ গণমাধ্যম। ছোট উড়োজাহাজ দুটি 'ইয়াকভলেভ ইয়াক-৫২' (সোভিয়েত ডিজাইন) মডেলের বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

বিমান বাহিনী জানিয়েছে, দুর্ঘটনার পর জরুরি উদ্ধারকারী দল ঘটনাস্থলে যায় এবং বেজা এয়ার শো'র আয়োজকরা অনুষ্ঠানটি স্থগিত ঘোষণা করে।

পর্তুগালের প্রতিরক্ষামন্ত্রী নুনো মেলো মৃত্যুতে শোক প্রকাশ করে বলেছেন, বিমানবাহিনী তদন্ত শুরু করবে।

সামাজিক মাধ্যমেও এ ঘটনার একটি ভিডিও প্রকাশিত হয়েছে, যেখানে উড়োজাহাজ বিধ্বস্ত হতে দেখা গেছে।

-B